বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বাপবিবো নির্দেশিকা ৫০০-১৮

# নির্মান ঠিকাদার এর কার্যাদেশের বিপরীতে টুলস বিক্রয়, ভাড়ায় প্রদান, বিনষ্ট এবং হারিয়ে যাওয়ার ক্ষতিপূরণ আদায়ের নীতিমালা

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বাপবিবো নির্দেশিকা ৫০০-১৮

অনুমোদনের তারিখঃ ৩১/০৮/১৯৮৬ খ্রিঃ
সংশোধনের তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিঃ

বিষয়ঃ নির্মান ঠিকাদার এর কার্যাদেশের বিপরীতে টুলস বিক্রয়, ভাড়ায় প্রদান, বিনষ্ট এবং হারিয়ে যাওয়ার ক্ষতিপূরুণ আদায়ের নীতিমালা

১। উদ্দেশ্যঃ

বাপবিবোর্ডের লাইন নির্মান কাজের গুণগত মান বজায় রাখার স্বার্থে ঠিকাদারের ব্যবহার্য লাইন টুলস এর তালিকা প্রণয়ন উহা বিক্রয়, ভাড়া প্রদান ও ক্ষতিপূরুণ আদায়ের ব্যাপারে দিক নির্দেশনা প্রদানের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হল।

২। ঠিকাদারের যোগ্যতাঃ

পূর্ব যোগ্যতা অর্জন ও তা বহাল রাখার জন্য একজন ঠিকাদারের নিকট যে সকল টুলস থাকতে হবে তার তালিকা সময়ে সময়ে প্রধান প্রকৌশলী(প্রকল্প) কর্তৃক নির্ধারিত হবে। প্রধান প্রকৌশলী(প্রকল্প) কর্তৃক নির্ধারিত টুলস কাজের উপযোগী অবস্থায় না থাকলে ঠিকাদার বাপবিবোর্ডে কাজের যোগ্যতা হারাবেন এবং তার চলতি কার্যাদেশ প্রধান প্রকৌশলী(প্রকল্প) এর নির্দেশ অনুযায়ী বাতিলযোগ্য হবে।

৩। ঠিকাদারের টুলস সংগ্রহের উৎসঃ

ঠিকাদারের পূর্ব যোগ্যতা অর্জনের জন্য প্রয়োজনীয় টুলসসমূহ ঠিকাদারকে ক্রয় করে নিতে হবে। ক্রয় করা টুলসসমূহ অবশ্যই বাপবিবোর্ডের একই জাতীয় টুলস এর সমমানের বা তার চেয়ে উন্নত মানের হতে হবে। যথাযথ মানসম্পন্ন যে সকল টুলস স্থানীয় বাজারে পাওয়া সম্ভব হবে না বাপবিবোর্ড ঐ সকল টুলস বিদেশ



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ansanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakraborty)
PD TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

থেকে আমদানী পূর্বক ঠিকাদারের নিকট ১.২৫ গুণ মূল্যে বিক্রয় করতে পারবে। যে সকল টুলস ক্রয়ে বাধ্য করলে অধিকাংশ ঠিকাদার তাতে অপারগ হবার সম্ভাবনা রয়েছে সে সকল টুলস বাপবিবোর্ড ঠিকাদারগণকে ভাড়ায় প্রদানের ব্যবস্থা নিবে। বিক্রয়যোগ্য টুলস এর

তালিকা প্রধান প্রকৌশলী(প্রকল্প) প্রণয়ন করবেন এবং তা পরিস্থিতি অনুযায়ী সময়ে সময়ে সেই তালিকাসমূহ পূণ পর্যালোচনা ও সংশোধন করবেন। ভাড়ার তালিকাভূক্ত টুলস বিক্রয় করা যাবে কিন্তু বিক্রয় তালিকাভূক্ত কোন টুলস ভাড়ায় প্রদান করা যাবে না। যে সকল ঠিকাদারগণ ভাড়া গ্রহণ না করে সকল প্রয়োজনীয় টুলস ক্রয় করে কাজ চালাতে সক্ষম হবেন তাদেরকে যোগ্যতা মূল্যায়নে বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে।

৪। টুলস এর মূল্য তালিকা প্রণয়নঃ

হিসাব পরিদপ্তর বাপবিবোর্ডের ক্রয় করা সকল প্রকার টুলস এর প্রতিটি আইটেমের জন্য মূল্য তালিকা প্রণয়ন করবে। সকল প্রকল্পের অধীনে ক্রয় করা টুলস এর মূল্যের গড় করে এই মূল্য নির্ধারণ করা হবে। অন্যান্য মালামালের ন্যায় বৎসরে দু'বার এই মূল্য তালিকা প্রণয়ন করা হবে। কোন সময়ে মূল্য তালিকা প্রকাশে বিলম্ব হলে নতুন মূল্য তালিকা প্রকাশের পূর্ব পর্যন্ত অব্যবহিত পূর্বের মূল্য তালিকা অনুযায়ী ব্যবস্থা গৃহীত হবে।

৫। টুলস এর বিক্রয় মূল্য ও ভাড়ার হার নির্ধারণঃ

টুলস বিক্রয় ও ভাড়ায় প্রদানের সময় প্রচলিত মূল্য তালিকায় প্রদর্শিত মূল্যে ১.২৫ গুণ বিক্রয় মূল্য হিসেবে এবং বিক্রয় মূল্যের আঠারশত ভাগের এক ভাগ (১/১৮০০) প্রতি দিনের ভাড়া হিসেবে গণ্য হবে। ভাড়ায় প্রদানের দিনে ভাড়া প্রদেয় হবে না তবে ফেরৎ প্রদানের দিনের ভাড়া প্রদেয় হবে।

৬। বিক্রয়ের পদ্ধতিঃ



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কেন্দ্রীয় পন্যাগার হতে টুলস বিক্রয় করা হবে। টুলস এর মূল্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর অনুকুলে পে-অর্ডার বা ডিমান্ড ড্রাফ্ট মারফৎ পরিশোধযোগ্য হবে। নগদ অর্থে মূল্য পরিশোধ গ্রহণযোগ্য হবে না। কেন্দ্রীয় পন্যাগার ছাড়া অন্যান্য যে সকল প্রকল্প ষ্টোরে বর্তমানে টুলস এর মওজুদ আছে সেই সকল প্রকল্প ষ্টোরও প্রাপ্যতা সাপেক্ষে টুলস বিক্রয় করতে পারবে। ঠিকাদারগণ কার্যাদেশ উল্লেখ পূর্বক টুলস ক্রয়ের জন্য নির্বাহী প্রকৌশলীর নিকট আবেদন করতে পারবেন। নির্বাহী প্রকৌশলী বিবেচনা পূর্বক উপযুক্ত মনে করলে টুলস এর নাম, আইটেম নম্বর, পরিমান ও মূল্য উল্লেখ পূর্বক বিক্রয়াদেশ প্রদান করবেন। বিক্রয়াদেশে উল্লিখিত মূল্য যে কোন তফসিলী ব্যাংকের ডিমান্ড ড্রাফ্ট বা পে-অর্ডার মারফৎ পরিশোধ করে ঠিকাদারগণ কেন্দ্রীয় পন্যাগার হতে টুলস ক্রয় করবেন। বিক্রীত টুলস এর ইস্যু ভাউচারে বিক্রয়াদেশ নম্বর ও ঠিকাদারের নাম উল্লেখ থাকতে হবে।

৭। টুলস ভাড়াঃ

প্রত্যেক প্রকল্প ষ্টোর ভাড়ায় প্রদানযোগ্য টুলস এর মজুদ সংরক্ষণ করবে। কার্যাদেশ ভিত্তিতে টুলস ভাড়া প্রদান করা হবে। কার্যাদেশ সমাপ্তির সময় ভাড়ায় প্রদত্ত সকল টুলস অবশ্যই ফেরৎ নিতে হবে এবং নিয়মানুযায়ী আদায়যোগ্য সকল পাওনা আদায় করতে হবে। ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে মনে করলে নির্বাহী প্রকৌশলী ভাড়ায় প্রদানের জন্য **"ভাড়া আদেশ"** জারী করবেন। এ আদেশে টুলস এর নাম, আইটেম নম্বর, পরিমান ও প্রতি দিনের ভাড়ার হার উল্লেখ থাকতে হবে। ভাড়ায় প্রদত্ত সকল টুলস এর আইটেম নম্বর, নাম, ভাড়ার হার ইত্যাদি ঐ কার্যাদেশে ব্যবহৃত পরিমাপ বহি (Measurement Book) এর শেষাংশে উল্লেখ পূর্বক নির্বাহী প্রকৌশলী প্রতিস্বাক্ষর করবেন। ভাড়ায় টুলস ইস্যু করার অব্যবহিত পরে কিংবা পরবর্তী দশ (১০) দিনের মধ্যে পরিমাপ বহি (Measurement Book) তে টুলস এর বিবরণ লিপিবদ্ধ করতে হবে। একইভাবে টুলস ফেরৎ প্রদানের বিবরণও পরিমাপ বহি (fMeasurement Book) তে লপিবদ্ধ থাকবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakraborty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

এতদউদ্দেশ্যে পরিমাপ বহি (Measurement Book) এর শেষের ৮/ ১০ পৃষ্ঠা ব্যবহার করা যেতে পারে। প্রত্যেক চলতি বিল প্রদানের সময় ঐ বিলের পরিমাপ (Measurement) এর তারিখ পর্যন্ত ভাড়ায় প্রদানকৃত টুলসের ভাড়া আদায় করতে হবে। প্রত্যেক প্রকল্প ষ্টোর ভাড়ায় প্রদত্ত টুলস এর জন্য পৃথক রেজিষ্টার সংরক্ষণ করবে, যাতে কার্যাদেশ ভিত্তিতে ভাড়ায় প্রদত্ত টুলস এর হিসাব সংরক্ষণ করা হবে।

৮। ক্ষতিগ্রস্থ ও হারিয়ে যাওয়া টুলস এর ক্ষতিপূরুণঃ

কাজ চলাকালীন ব্যবহারজনিত (Normal wear and tear) কারণে টুলস ক্ষতিগ্রস্থ হলে কোন জরিমানা আদায় করা হবে না। অবহেলা জনিত কারণে টুলস ক্ষতিগ্রস্থ হলে টুলসের মূল্যের ১.২৫(এক দশমিক দুই পাঁচ) গুণ আদায় করা হবে তবে ঐ কার্যাদেশের বিপরীতে ঐ টুলস এর ভাড়া বাবদ আদায়কৃত ভাড়ার অর্থ ফেরৎ প্রদান করা হবে। টুলস এর ভাড়া ও জরিমানা আদায়ের দায়িত্ব সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর উপর ন্যস্থ থাকবে। অবহেলা জনিত কারণে নষ্ট হয়েছে কি-না এতদবিষয়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর সুবিবেচনা প্রসুত সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য করা হবে।

৯। টুলস এর খুচরা যন্ত্রাংশঃ

৩০০.১, ৩০০.২, ৪০১.১, ৪০২.৩ ইত্যাদি যৌগ সংখ্যায় চিহ্নিত আইটেমগুলো টুলস এর খুচরা যন্ত্রাংশ। এগুলো কখনও ভাড়ায় প্রদান করা হবে না। এগুলো ১২৫% মূল্য পরিশোধ সাপেক্ষে বিক্রয় করা যেতে পারে।



(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakraborty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB